

Total Pages – 03 (Three)

18/PG/PKC/IS/BNG-105

২০১৮

বাংলা

(স্নাতকোত্তর)

পাঠপর্যায় - ১

পাঠমালা - ১০৫

COURSE NO. : BNG-105

পূর্ণমান : ৫০

সময় : ২ ঘণ্টা

সমস্ত প্রশ্নের উত্তর দাও

দক্ষিণ - প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

বিভাগ - 'ক'

যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো।

8X২=৮

১. বিদ্যাসাগরকৃত দুটি ইংরেজি অনুবাদের নাম লেখো। সংশ্লিষ্ট মূল গ্রন্থের নাম লেখো।
২. বিষয়বস্তু উল্লেখ করে অন্নদাশঙ্কর রায়ের লেখা দুটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।
৩. 'এইখানে মপাসাঁর বিশেষত্ব' - লেখক মপাসাঁর বিশেষত্ব বলতে কী বুঝিয়েছেন?

৪. 'বাঙ্গালার ইতিহাস' প্রবন্ধটি যে বিশেষ রচনার সমালোচনা সেই গ্রন্থ ও তার লেখকের নাম লেখো।

পরের পৃষ্ঠায় দেখো

৫. 'তোমার কথাগুলি ভারি সোশিয়ালিস্ট' - কে কাকে একথা বলেছে? প্রসঙ্গ নির্দেশ করো।

৬. কমলাকান্তের দণ্ডের কবে প্রকাশিত হয়? এই বইয়ে মোট কতগুলি রচনা মোট ক'টি পর্বে সংকলিত হয়েছে?

৭. 'এক্ষণে আমি সকলের নিকট সকল অপরাধ হইতে মুক্ত হইলাম।' - কার লেখা কোন রচনার অংশ?

৮. মূল রচনার নাম উল্লেখ করে শকুন্তলার প্রকাশকাল লেখো। এই বইটি ক'টি অধ্যায়ে বিভক্ত?

বিভাগ - 'খ'

যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো।

৪X৪=১৬

১. প্রমথ চৌধুরীর লেখা দু'টি ব্যক্তিগত প্রবন্ধ সংকলনের নাম উল্লেখ করে তাঁর লেখা ব্যক্তিগত গদ্যের চারটি বৈশিষ্ট্য লেখো।

২. বিদ্যাসাগর ও রামমোহনের দুটি করে বিতর্কমূলক রচনার উল্লেখ করে উভয় রচনার একটি করে সাদৃশ্য ও বৈসাদৃশ্য লেখো।

৩. 'যিনি এই দুরূহ কাজের যোগ্য, তিনি ইহাতে প্রবৃত্ত হইলেন না।' - কার কথা বলা হয়েছে? প্রসঙ্গ উল্লেখ করে তাঁর পরিচয় দাও।

৪. 'আমাদের বিশ্বভারতী বিশ্বের সামনে ভারতের আদর্শ তুলে ধরতে চান' - উল্লিখিত ভারতের আদর্শ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৫. 'সাহিত্যের বাজার দেখিলাম' - বঙ্গ সাহিত্যের বাজারে কী দেখেছিলেন নিজের ভাষায় লেখো।

৬. ব্রাহ্মণ, লেখক, সিভিল সার্ভিসের লোক ও দেশহিতৈষীদের কোন কোন ফলের সঙ্গে তুলনা করা হয়েছে?

৭. 'এক্ষণে আমি সকলের নিকট সকল অপরাধ হইতে মুক্ত হইলাম।' - কে কাকে কোন প্রসঙ্গে এ কথা বলেছেন?

৮. 'এই কৌতুক দেখিতে দেখিতে ক্রমে ক্রমে অগ্রসর হইয়া তাঁহাদের অতি নিকটে উপস্থিত হইলেন।' - এখানে কার কথা বলা হয়েছে? কৌতুকদৃশ্যটি লেখো।

বিভাগ - 'গ'

যে কোনো দু'টি প্রশ্নের উত্তর লেখো।

২X৮=১৬

১. ফোর্ট উইলিয়াম কলেজের গদ্যচর্চার গুরুত্ব ও বৈশিষ্ট্য আলোচনা করো।

২. 'বাঙ্গালার ইতিহাস' রচনায় লেখকের বক্তব্যে বাঙালি জাতীয়তাবাদের নির্মাণের প্রসঙ্গটি কীভাবে প্রকাশ পেয়েছে আলোচনা করো।

৩. পাঠ্য রচনাগুলি অবলম্বনে 'কমলাকান্তের দণ্ডের'-এর রচনাশৈলী সম্পর্কে আলোচনা করো।

8. বিদ্যাসাগরের রচনাকে 'অনুবাদ না বলে অবলম্বন বা অনুসরণ বলাই শ্রেয়' – সমালোচকের এই মন্তব্যের নিরিখে 'শকুন্তলা'-র মৌলিকতা বিচার করো।

আভ্যন্তরীণ মূল্যায়ন – ১০

=0=